

বায়োটেক ফসলের বর্তমান অবস্থা

ISAAA এর "ফসল জৈব প্রযুক্তির বিশ্ব জ্ঞান কেন্দ্র" কর্তৃক রচিত উন্নয়নশীল দেশের কৃষি-জৈব প্রযুক্তি উদ্ভাবনের বিশ্ব পরিস্থিতির সারাংশ।

এ সংখ্যার শিরোনাম

ফেব্রুয়ারী ১০, ২০০৬

খবর

- জিএম এর সমর্থনে WTO এর আইন
- আর্জেন্টিনা ইউরোপে জৈবডিজেস রপ্তানী করবে
- সহযোগিতা শক্তিশালীকরণে ভারতের প্রেসিডেন্টের ফিলিপাইন সফর
- জৈবজ্বালানী বিশ্বের ৩০% জ্বালানী চাহিদা মেটাতে পারে
- CGIAR এর ফেলোশিপ কার্যক্রম
- গ্রীস ও রোমানিয়ায় জিএম নিষিদ্ধ
- Lula da Silver এর আফ্রিকা ভ্রমণ
- বায়োটেক কর্মশালায় আফ্রিকার সাংবাদিকদের উপস্থিতি
- জিকে যুক্ত মাটিতে তামাকের উন্নয়ন
- ব্রাজিলে বায়োটেক সভা

গবেষণা

বিজ্ঞপ্তি

খবর

জিএম এর সমর্থনে WTO এর আইন

বিশ্ব বাণিজ্য সংস্থা (WTO) যুক্তরাষ্ট্র এবং ইউরোপিয়ান ইউনিয়নের আহ্বানে কৌলিতাত্ত্বিক রূপান্তরিত (জিএম) কৃষি শস্যের অনুমোদনের জন্য প্রাথমিকভাবে আইন করেছে।

WTO এখনও কার্যকরীভাবে ইহা গণমাধ্যমের কাছে প্রকাশ করছে কিন্তু যুক্তরাষ্ট্রের সরকারের সদস্যরা এই আইনের খসড়া প্রকাশ করেছে। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি Rob Portman বলেন ইহা নিরাপদ ও উপকারী প্রযুক্তি যা খাদ্য নিরাপত্তাসহ খাদ্যের উন্নয়ন করবে এবং বিশ্বব্যাপী দারিদ্র দূরীকরণে সহায়তা করবে। [বিস্তারিত: http://www.agbioworld.org/newsletter_wm/index.php?caseid=archive&newsid=2483](http://www.agbioworld.org/newsletter_wm/index.php?caseid=archive&newsid=2483)

গ্রীস ও রোমানিয়ায় জিএম নিষিদ্ধ

রোমানিয়ান সরকার ইউরোপিয়ান ইউনিয়ন এ যোগদানের প্রস্তুতিস্বরূপ ঘোষণা করেছে যে, আগাছানাশক প্রতিরোধী “Roundup ready” জিএম সয়াবিন চাষের জন্য বন্ধ থাকবে। “Roundup ready” সয়াবিন রোমানিয়ায় চাষ করা হতো কিন্তু এই জাত ইউরোপিয়ান ইউনিয়ন কর্তৃক চাষের জন্য অনুমোদিত হয়নি। জাতীয়ভাবে এই নিষেধাজ্ঞা কার্যকরী হবে ১ জানুয়ারী ২০০৭ সালে। গ্রীস ও তাদের খামারে জিএম কর্তৃক চাষাবাদের জন্য নিষেধাজ্ঞা জারি করেছে যদিও ইউরোপিয়ান ইউনিয়ন এই নিষেধাজ্ঞা তুলে ফেলেছে। গ্রীসের কৃষি মন্ত্রীর MON810 জাতের চাষাবাদ ১৮ মাসের জন্য বন্ধ ঘোষণা করেছেন। MON810 ইতোমধ্যেই ইউরোপিয়ান ইউনিয়নে চাষাবাদ এবং বিক্রির জন্য অনুমোদন পেয়েছে। [বিস্তারিত: http://mapam.ro/pages/view_presa.php?id=1238&lang=2](http://mapam.ro/pages/view_presa.php?id=1238&lang=2)

আর্জেন্টিনা ইউরোপে জৈবডিজেস রপ্তানী করবে

একটি ছোট আর্জেন্টিনীয় বায়োটেক ফার্ম Oilfox জার্মান জ্বালানী বিতরন কোম্পানীকে এপ্রিল বা মে ২০০৬ সালে ১ মিলিয়ন সয়াবিন উদ্ভূত জৈবডিজেস রপ্তানীর জন্য পাঁচবছর মেয়াদী একটি চুক্তিতে স্বাক্ষর করেছে।

[বিস্তারিত: http://www.clarin.com/diario/2006/01/21/elpaisp-01601.htm](http://www.clarin.com/diario/2006/01/21/elpaisp-01601.htm)

Lula da Silver এর আফ্রিকা ভ্রমণ

ব্রাজিলের প্রেসিডেন্ট ৫ দিনের এক সফরে আলজেরিয়া, বেনিন, বতসোনিয়া এবং দক্ষিণ আফ্রিকা ভ্রমণ করেন (ফেব্রুয়ারী ৮-১২, ২০০৬)। আলজেরিয়া ও বেনিনে বায়োটেক তুলা উন্নয়নের জন্য ব্রাজিল AIDS এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য এন্টিভাইরাল HIV চিকিৎসা সেবা প্রদানেরও আশ্বাস দেয়। [বিস্তারিত: http://nwes.bbc.co.uk/2/hi/africa/4431417.stm](http://nwes.bbc.co.uk/2/hi/africa/4431417.stm)

সহযোগিতা শক্তিশালীকরণে ভারতের প্রেসিডেন্টের ফিলিপাইন সফর

অতিসম্প্রতি ভারতের প্রেসিডেন্ট APJ Abdul Kalam ফিলিপাইনে এক ঐতিহাসিক সফর করেন, তিনি সেদেশের প্রেসিডেন্ট Gloria Arroyo এর সাথে মটরশুটি ও সরগামের জাতের বীজ উন্নয়নের জন্য এক সাথে কাজ করার আহ্বান জানান এবং একটি চুক্তিতে স্বাক্ষর করেন। তিনি আন্তর্জাতিক ধান গবেষণা কেন্দ্র পরিদর্শন করেন।

[বিস্তারিত: http://www.irri.org/media/press/press.asp?id=12](http://www.irri.org/media/press/press.asp?id=12)

বায়োটেক কর্মশালায় আফ্রিকার সাংবাদিকদের উপস্থিতি

২০০৬ সালের ৭-৯ ফেব্রুয়ারী ইথিওপিয়ার আদিস আবাবায় সাংবাদিকদের জন্য একটি আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় বায়োটেকনোলজি এবং কৃষি নিয়ে আলোচনা করা হয় এবং এই অনুষ্ঠানের আয়োজন করে ISAAA এবং আফ্রিকার জন্য জাতিসংঘের অর্থনৈতিক কমিশন (UNECA)। [বিস্তারিত: http://www.uneca.org](http://www.uneca.org)

গবেষণা

জৈবজ্বালানী বিশ্বের ৩০% জ্বালানী চাহিদা মেটাতে পারে

উন্নয়নশীল দেশের দ্রুত অর্থনৈতিক বৃদ্ধির জন্য ২০২৫ সালের মধ্যে জ্বালানী চাহিদা বাড়বে ৫০%। অধিকাংশ জ্বালানী বর্তমানে ফসিল হতে পাওয়া যায় যার সীমাবদ্ধতা এবং পরিবেশ দূষণের হুমকি রয়েছে। বায়োটেক শস্য হতে প্রস্তুতকৃত জৈবজ্বালানী ভবিষ্যৎ জ্বালানী চাহিদা পূরণে একটি সম্ভাবনাময় ভূমিকা পালন করবে।

যুক্তরাষ্ট্র এবং ব্রাজিলে প্রাথমিকভাবে ভূটা ও আখ হতে শর্করার গাঁজন প্রক্রিয়ার মাধ্যমে জৈবজ্বালানী প্রস্তুত করা হয়। এই জ্বালানী খুবই সাশ্রয়ী হবে যা গবেষণায় প্রমাণিত হয়েছে। বিস্তারিত: <http://www.sciencemag.org/cgi/reprint/311/5760/484.pdf>

জিংক যুক্ত মাটিতে তামাকের উন্নয়ন

ভারতের নয়াদিল্লীতে অবস্থিত Jawaharlal Nehru University কৌলিতাত্ত্বিক প্রকৌশল ও বায়োটেকনোলজির আন্তর্জাতিক কেন্দ্রের গবেষকরা উদ্ভিদে ভারী পদার্থের সহনশীল একটি নতুন কৌশল পাওয়ার কথা বলেন। অধিক জিংক ও ভারী পদার্থযুক্ত মাটিতে জন্মানো উদ্ভিদে অধিক পরিমাণে মিথাইল গ্লাইঅক্সালের I এবং II অধিক পরিমাণে প্রকাশিত হয় যা গাছকে জিংক সহনশীল করে তোলে এবং এতে ফলন ও বংশবৃদ্ধিতে কোন সমস্যা হয় না। বিস্তারিত: <http://www.plantphysiol.org/cgi/content/full/140/2/444>

স্বোষণা

CGIAR এর ফেলোশিপ কার্যক্রম

CGIAR এর Gender এবং Diversity Program (G and D) পশ্চিম আফ্রিকার মহিলা বিজ্ঞানীদের জন্য দুই বছর ব্যাপী একটি ফেলোশিপের প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করেছে। বিস্তারিত: http://www.genderdiversity.cgiar.org/resource/women_fellowships.asp

ব্রাজিলে বায়োটেক সভা

২০০৬ সালের ৮-৯ মার্চ ব্রাজিলে বায়োটেক সভা অনুষ্ঠিত হবে। বিস্তারিত: <http://www.agra-net.com/biotech06>

ISAAA (International Service for the Acquisition of Agri-biotech Applications)

BanglaCenter, c/o CIMMYT BD, Hse18, Rd4, Sec4, Uttara, Dhaka1230, Bangladesh • Phone +88028916929 ext. 122 • Fax ext. 115 • k.nasiruddin@isaaa.org
SEAsiaCenter, c/o IRRI, DAPOBox 7777, Metro Manila, Philippines • Ph +63-2-580-5600 • Fax 580-5600 • Telfax 49-536-7216 • R.Hautea@isaaa.org
AmeriCenter, 417 Bradfield Hall, Cornell University, Ithaca, NY 14853, USA • Phone +1-607-255 1724 • Fax 255 1215 • AmeriCenter@isaaa.org
AfriCenter, CIP/ILRI, PO Box 25171, Nairobi, Kenya • Phone +254-20-630 743 ext. 3261 • Fax 630-005/631-599 • S.Wakhusama@cgiar.org

www.bdbic.org: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য ওয়েব

www.isaaa.org: ISAAA সম্পর্কে সকল তথ্য, Crop Biotech Update: বায়োটেক ফসলের বিশ্ব পরিস্থিতির ওয়েব

www.agbios.com: কৃষি বায়োটেকনোলজির ওয়েব, নিউজলেটারে বাংলাদেশের জন্য পৃথক সেকশন রয়েছে

bdbic@googlegroups.com: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য গ্রুপ মেইল

info@isaaa.org: ISAAA যেকোন তথ্য বা প্রকাশনার জন্য